



সূত্র : সিগিডিঃ/নিরাপত্তা/(বি-১২/এ-৪৯/কর্পো:১-২৮/কর্পো:২-৭৭/লো:অ:-১/জ:ত:কর্পো:-১/শাখা-৯১২)/১৮

তারিখ : ০৫/০৮/২০১৮ খ্রি:

মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক
 বিভাগীয় কার্যালয়/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল কর্পোরেট শাখা
 এরিয়া অফিস/সকল শাখা
 জনতা ব্যাংক লিমিটেড
 বাংলাদেশ।

বিষয় : নিরাপত্তা সংক্রান্ত বিশেষ নির্দেশনা।

মহোদয়,

ইতোপূর্বে বিভিন্ন সময়ে দেশে আন্দোলন, হরতাল, অসহযোগ ইত্যাদি চলাকালে সুযোগ সন্ধানী দুষ্কৃতকারী কর্তৃক জনগণের জানমালসহ বিভিন্ন সরকারী স্থাপনা বিশেষকরে আর্থিক প্রতিষ্ঠানসমূহে সন্ত্রাসী কার্যক্রম করার অপচেষ্টা লক্ষ্য করা যায়। নিরাপদ সড়কের দাবিতে বিদ্যমান আন্দোলনেও পুলিশ প্রশাসনের গোয়েন্দা প্রতিবেদনে এরূপ কার্যক্রমের বিষয়ে আশঙ্কা ব্যক্ত করে সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। ছাত্রদের আন্দোলনের আড়ালে সুযোগ সন্ধানী কোনো দুষ্কৃতকারী যেন জনতা ব্যাংক লিমিটেডের কোনো শাখা/কার্যালয়ে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনা করতে না পারে সেজন্য সংশ্লিষ্ট সকলকে সতর্কতা অবলম্বনসহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতের বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান এবং সিইও এ্যান্ড এমডি মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। বিশেষকরে নিরাপত্তা কর্মীদের দায়িত্ব পালনের ক্ষেত্রে কোনো প্রকার শৈথিল্য যাতে না থাকে সে ব্যাপারে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হ'ল।

এক্ষেত্রে নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে কার্যকর মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

(মোঃ জিকরুল হক)

উপ-ব্যবস্থাপনা পরিচালক